

ভিসিবিরোধী আন্দোলন চলছে

## বাকুবিতে ছাত্র উপদেষ্টা প্রক্টরের পদত্যাগ

বাকুবি সংবাদদাতা

ভিসির পদত্যাগের দাবিতে চলমান আন্দোলনে আওয়ামীপন্থি শিক্ষকদের সিদ্ধান্তে অবশেষে পদত্যাগ করলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. জহিরুল হক খন্দকার এবং প্রক্টর অধ্যাপক ড. মো. হারুন-অর-রশিদ। গতকাল রোববার সকালে সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এনামুল হকের কাছে পদত্যাগপত্র জমা দেন তারা। পরে দুপুরে রেজিস্ট্রার কার্যালয়ে তাদের সহ ছয়টি পদত্যাগপত্র জমা দেন সংগঠনটির সাধারণ সম্পাদক। এদিকে গত কয়েক দিনে বিভিন্ন প্রশাসনিক পদ দায়িত্বরত ৫৯ জন শিক্ষক পদত্যাগ করেছেন বলে সংগঠন সূত্রে জানা গেছে। অন্যদিকে প্রশাসনিক বিভিন্ন পদ থেকে শিক্ষকদের গণপদত্যাগে ভোগান্তিতে পড়েছেন শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. রফিকুল হকের বিরুদ্ধে নারী কলেঙ্কারী, স্বৈচ্ছাচারিতা ও দুর্নীতির অভিযোগ এনে পদত্যাগের দাবিতে গত ১১ দিন ধরে ক্যাম্পাসে আন্দোলন করে আসছে আওয়ামীপন্থি শিক্ষকদের গণতান্ত্রিক শিক্ষক ফোরাম। প্রথম দিকে পদত্যাগ করবেন না বলে জানালেও সংগঠনের চাপে গতকাল সকালে গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক প্রফেসর ড. এনামুল হকের কাছে পদত্যাগপত্র জমা দেন ছাত্র উপদেষ্টা, প্রক্টর ও আবাসিক হলের প্রভোস্ট ও হাউস টিউটরসহ ৬ জন শিক্ষক। পরে দুপুর ১২টার দিকে পদত্যাগপত্রগুলো রেজিস্ট্রারের দপ্তরে জমা দেওয়া হয়েছে।

পদত্যাগের বিষয়ে ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. জহিরুল হক খন্দকার বলেন, 'আমি একটি সংগঠনের সদস্য। সংগঠনের সিদ্ধান্তের প্রতি সম্মান দিয়েই আমি পদত্যাগ করেছি।'

শিক্ষক সমিতির আলটিমেটাম : এদিকে গতকাল বিশ্ববিদ্যালয়ের উচ্চত পরিষ্কৃতি নিয়ে বেলা ১১টার দিকে জরুরি সভা করে শিক্ষক সমিতি। টানা পাঁচ ঘণ্টারও বেশি সময় সভা করে উপাচার্যকে আজ সোমবার বিকেল ৫টার মধ্যে পদত্যাগের আলটিমেটাম দেয় শিক্ষক সমিতি। এর মধ্যে দাবি মানা না হলে মঙ্গলবার থেকে শিক্ষক সমিতি কঠোর কর্মসূচি দেবে বলে জানান সমিতির সভাপতি অধ্যাপক খন্দকার শরীফুল ইসলাম।